

B.A.6th Semester (General) Examination, 2022 (CBCS)

বাংলা (সাধারণ)

Course – GE-2

দক্ষিণপ্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে

সময়- তিন ঘণ্টা

পূর্ণ মান -৬০

১) যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২ x ১০ = ২০

- ক) 'কালনা থেকে রংপুর' কার লেখা? কত খ্রিস্টাব্দে প্রকাশিত?
- খ) 'মহাপ্রস্থানের পথে' কার লেখা? এর প্রকাশকাল লেখো।
- গ) ভ্রমণসাহিত্যের ভাষার দুটি বৈশিষ্ট্য লেখো।
- ঘ) চিঠিপত্রের ভাষার দুটি স্বতন্ত্র উল্লেখ করো।
- ঙ) 'পালামো' কোন অঞ্চলকে কেন্দ্র করে রচিত?
- চ) 'মরুতীর্থ হিংলাজ' কার লেখা, কত খ্রিস্টাব্দে প্রকাশিত?
- ছ) 'য়ুরোপ প্রবাসীর পত্র' রচনাটির প্রকাশকাল লেখো। এর ভাষার দুটি বৈশিষ্ট্য লেখো।
- জ) 'য়ুরোপ যাত্রীর ডায়ারি' কোন শ্রেণির রচনা? এটি রবীন্দ্রনাথের কত বছর বয়সের রচনা?
- ঝ) 'হিমালয়' কবে, কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?
- ঞ) 'তীর্থমঙ্গল' কার লেখা? এর প্রকাশকাল লেখো।
- ট) যদুনাথ সর্বাধিকারীর ভ্রমণবিষয়ক রচনাটির নাম ও প্রকাশকাল উল্লেখ করো।
- ঠ) 'শ্রীশ্রী গয়াতীর্থবিস্তার' কার লেখা? এই লেখকের অপর একটি রচনার নাম লেখো।
- ড) 'সুরধুনী কাব্য' কার লেখা? এর প্রকাশকাল লেখো।
- ঢ) প্রকাশকালসহ দেবেন্দ্রনাথ ঠাকুরের ভ্রমণ-কাহিনিটির নাম লেখো।
- ণ) রাজেন্দ্রমোহন বসুর ভ্রমণবৃত্তান্তটির নাম ও প্রকাশকাল উল্লেখ করো।

২) যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫ x ৪ = ২০

- ক) দীনবন্ধু মিত্রের ভ্রমণসাহিত্যটির নাম কী? এই রচনাটির বৈশিষ্ট্য আলোচনা করো।
- খ) পত্রসাহিত্য ও ভ্রমণ-সাহিত্যের পার্থক্য আলোচনা করো।
- গ) 'য়ুরোপ প্রবাসীর পত্র' গ্রন্থাকারে কবে প্রথম প্রকাশিত হয়? পত্রসাহিত্য হিসেবে রচনাটির গুরুত্ব আলোচনা করো।
- ঘ) দেবেন্দ্রনাথ ঠাকুরের ভ্রমণ-কাহিনিটির বৈশিষ্ট্য আলোচনা করো।
- ঙ) রবীন্দ্রনাথের 'য়ুরোপ প্রবাসীর পত্র' ও 'য়ুরোপ-যাত্রীর ডায়ারি' রচনা দুটির ভাষাগত পার্থক্য সংক্ষেপে আলোচনা করো। রবীন্দ্রনাথ প্রথম কত বছর বয়সে বিলাত যান?
- চ) উনিশ শতকে বাংলা পত্রসাহিত্যের বিকাশে রবীন্দ্রনাথের অবদান আলোচনা করো। উনিশ শতকে রচিত তাঁর সর্বাধিক আলোচিত পত্রগুচ্ছের নাম লেখো।

৩) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০ x ২ = ২০

- ক) ভ্রমণসাহিত্যের প্রধান বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। উনিশ শতকের দুটি ভ্রমণসাহিত্যের নাম লেখো।
- খ) 'পালামো' কার লেখা, প্রকাশকাল কত? রচনাটির উপন্যাসধর্ম সম্বন্ধে আলোচনা করো।
- গ) ভ্রমণসাহিত্য হিসেবে জলধর সেন-এর 'হিমালয়' রচনাটির সার্থকতা বিচার করো।
- ঘ) ভ্রমণবৃত্তান্ত কাকে বলে? ভ্রমণবৃত্তান্ত ও ভ্রমণসাহিত্যের মৌলিক পার্থক্য আলোচনা করো।